# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৬. ২০. যীশুর শেষ বক্তব্য বর্ণনায় বৈপরীত্য

যীশুর শেষ কথা কি ছিল সে বিষয়ে চার ইঞ্জিল তিন প্রকার সাংঘষিক বর্ণনা দিয়েছে। মথি ও মার্ক একরূপ বর্ণনা দিয়েছেন। আর লূক ও যোহন দুটো ভিন্ন বিবরণ দিয়েছেন। মথি (২৭/৪৬) লেখেছেন: আর নবম ঘটিকার সময়ে ঈসা জোরে চিৎকার করে ডেকে বললেন, ‘‘এলী এলী লামা শবক্তানী,’’ অর্থাৎ ‘‘আল্লাহ্ আমার, আল্লাহ্ আমার, তুমি কেন আমায় পরিত্যাগ করেছ?’’

মার্ক (১৫/৩৪) লেখেছেন: ‘‘আর নয় ঘটিকার সময়ে ঈসা উচ্চরবে ডেকে বললেন, এলোই, এলোই, লামা শবক্তানী; অনুবাদ করলে এর অর্থ এই, ‘আল্লাহ্ আমার, আল্লাহ্ আমার, তুমি কেন আমায় পরিত্যাগ করেছ’? (মো.-১৩)

লূক (২৩/৪৪-৪৬) লেখেছেন: ‘‘আর ঈসা উচ্চরবে চিৎকার করে বললেন, আববা, তোমার হাতে আমার রূহ সমর্পণ করি। আর এই কথা বলে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করলেন।’’ (মো.-১৩)

পক্ষান্তরে যোহন লেখেছেন: ‘‘সিরকা গ্রহণ করার পর ঈসা বললেন, ‘সমাপ্ত হল’; পরে মাথা নত করে রূহ সমর্পণ করলেন।’’  (যোহন ১৯/২৯, মো.-১৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14057

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন